106418 - ব্যাংকের চলতি হিসাবধারীকে প্রদত্ত উপহার

প্রশ্ন

ব্যাংকে আমার কিছু অর্থ আছে (চলতি হিসাব)। মাঝে মাঝে ব্যাংক আমার কাছে কিছু উপহার পাঠায়। যেমন- আতর বা আগর কাঠ। ব্যাংক কিছু কিছু কাস্টমারকে এ ধরণের উপহার পাঠিয়ে থাকে, ব্যাংকে যাদের প্রচুর পরিমাণে অর্থ আছে। এসব উপহারের হুকুম কী?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

ব্যাংকের কারেন্ট একাউন্ট বা চলতি হিসাব হচ্ছে– ঋণ। আলেমগণ এই মর্মে ইজমা বা ঐকমত্য পোষণ করেছেন যে, যে ঋণ কোন সুবিধা টেনে আনে সেটাই সুদ। কোন কোন সাহাবী থেকে সাব্যস্ত হয়েছে যে, ঋণগ্রহীতা ঋণদাতাকে যে উপহার প্রদান করে সেটা সুদ।

ইমাম বুখারী (৩৮১৪) আব্দুল্লাহ্ বিন সালাম (রাঃ) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন: "যদি কোন লোকের কাছে তোমার কোন পাওনা থাকে এবং সে তোমাকে এক বাহন ঘাস, বা এক বাহন যব বা এক বাহন খড় উপহার দেয় তবে তুমি তা গ্রহণ করবে না। কেননা সেটা সুদ।"।

ব্যাংক যেহেতু কাস্টমারকে এই হাদিয়া চলতি হিসাব (ঋণ) থাকার কারণে দেয় তাই এটি সুদ।

শাইখ ড. মুহাম্মদ বিন সউদ আল-উছাইমিকে এই উপহার সম্পর্কে জিজ্ঞেসে করা হলে তিনি বলেন:

যদি এই উপহার চলতি হিসাবধারীকে দেয়া হয় তাহলে সেটা সুদ এতে কোন সন্দেহ নেই। কারণ চলতি হিসাব হচ্ছে- ঋণ। চলতি হিসাবধারীর জন্য এ ধরণের সুবিধা গ্রহণ করা সঠিক হবে না। আর যদি ইনভেস্টমেন্ট একাউন্ট বা বিনিয়োগ হিসাব হয় তাহলে এতে কোন অসুবিধা নেই।